



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
এন্টি টেররিজম ইউনিট  
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।  
[www.atu.police.gov.bd](http://www.atu.police.gov.bd)



স্মারক নং- পিআর ৮৬/২১

তারিখ: ২৯ অগ্রহায়ন ১৪২৮ বঙ্গাব্দ  
১৪ ডিসেম্বর ২০২১ খ্রি.


### প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: এন্টি টেররিজম ইউনিট কর্তৃক “আনসার আল ইসলাম” এর ০১ (এক) সক্রিয় সদস্য গ্রেফতার।**

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি দল গোপন সংবাদের ভিত্তিতে ১৩ ডিসেম্বর ২০২১ তারিখ ১৫.৩০ ঘটিকায় চট্টগ্রাম জেলার লোহাগাড়া থানাধীন দরবেশহাট বাজারস্থ নিউ দরবেশীয়া কম্পিউটার অ্যান্ড ডিজিটাল স্টুডিওতে অভিযান পরিচালনা করে “আনসার আল ইসলাম” এর ০১ (এক) সক্রিয় সদস্যকে আটক করা হয়েছে। আটককৃত সদস্য হলো:- মো: সাজ্জাত হোসেন শাকিল (২১), পিতা- সাহাব উদ্দিন, মাতা- মরিয়ম বেগম, গ্রাম- সরকার পাড়া, থানা- লোহাগাড়া, জেলা- চট্টগ্রাম। গ্রেফতারকালে তার নিকট থেকে ০২ টি এন্ড্রয়েড মোবাইল সেট, ০৩ টি সীম কার্ড, একটি ল্যাপটপ, উগ্রবাদী বই- গাজওয়াতুল হিন্দ, তাকফীরের ব্যাপারে সতর্ক হন এবং বিভিন্ন উগ্রবাদী কনটেন্টসহ উগ্রবাদী কর্মকাণ্ডে সম্পৃক্ততার সাতাশ পাতা স্ক্রিনশট জব্দ করা হয়েছে।

গ্রেফতারকৃত মো: সাজ্জাত হোসেন শাকিল ‘গাজওয়াতুল হিন্দ’ প্রতিষ্ঠার লক্ষ্যে বাংলাদেশ রাষ্ট্র বিরোধী ষড়যন্ত্র, হত্যা, জনমনে ত্রাস ও ভীতি, দেশে অস্থিরতা, অনলাইন ও সাইবার স্পেসের মাধ্যমে প্রচার-প্রচারণা, জননিরাপত্তা বিপন্ন করা, জনমনে ত্রাস ও আতঙ্ক সৃষ্টির লক্ষ্যে পরিকল্পনা, প্রশিক্ষণ ও প্রস্তুতি গ্রহণ করে আসছিল। গ্রেফতারকৃত আসামী আনসার আল ইসলামের মতাদর্শ প্রচারের জন্য চারটি ফেসবুক আইডি ব্যবহার করে আসছিলো। গোপনীয় তথ্য এবং প্রচারণা চালানোর জন্য সে তার সহযোগীদের নিয়ে একাধিক এনক্রিপ্টেড চ্যাট গ্রুপ ও মেসেঞ্জার গ্রুপের অ্যাডমিন হিসেবে ২০১৯ সাল থেকে তথাকথিত খিলাফত প্রতিষ্ঠার লক্ষ্যে নানাবিধ তৎপরতা চালিয়ে যাচ্ছিলো। সে এবং তার সহযোগীগণ জিহাদের জন্য অপরাপর সদস্যদের প্রশিক্ষণ, নতুন সদস্য সংগ্রহ করার ব্যাপারে উদ্বুদ্ধ করতো।

মো: সাজ্জাত হোসেন শাকিল নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন “আনসার আল ইসলাম” এর সদস্যপদ গ্রহণ, সমর্থন, এবং অনলাইনে সন্ত্রাসী কর্মকাণ্ডে প্ররোচিত করায় তার বিরুদ্ধে লোহাগাড়া থানার মামলা নং-২৯, তাং-১৩/১২/২০২১খ্রিঃ, সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩) এর ৮/৯(৩)/১০/১৩ ধারায় মামলা দায়ের করা হয়েছে।

  
১৪/১২/২০২১

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা।

Email: [atu.spma@police.gov.bd](mailto:atu.spma@police.gov.bd)